এ টি এম শামসুজ্জামানের জানাজা বাদ জোহর, জুরাইন কবরস্থানে দাফন

বরেণ্য অভিনেতা এ টি এম শামসুজ্জামানের নামাজে আজ জানাজা বাদ জোহর অনুষ্ঠিত হবে। এরপর তাকে দাফন করা হবে রাজধানীর জুরাইন কবরস্থানে।

এ টি এম শামসুজ্জামানের ছোট ভাই রতন জামান গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন।

প্রখ্যাত ও শক্তিমান এই অভিনেতার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

আজ শনিবার সকাল ৮টায় রাজধানীর সূত্রাপুরের নিজ বাসায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন প্রবীণ অভিনেতা এ টি এম শামসুজ্জামান। তিনি স্ত্রী, তিন মেয়ে ও এক ছেলে রেখে গেছেন।

প্রখ্যাত অভিনেতা এটিএম শামসুজ্জামান আর নেই

প্রখ্যাত ও শক্তিমান অভিনেতা এ টি এম শামসুজ্জামান আর নেই। আজ শনিবার সকাল ৮টায় রাজধানীর সূত্রাপুরের নিজ বাসায় ইন্তেকাল করেন তিনি (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

বাংলাদেশ প্রতিদিনকে খবরটি নিশ্চিত করেছেন তার ছোট মেয়ে কোয়েল আহমেদ। ‘আমার বাবা এবার সত্যি সত্যি না ফেরার দেশে চলে গেছেন’, এ কথা বলে কান্নায় ভেঙে পড়েন কোয়েল।

এর আগে বেশ কয়েকবার এটিএম শামসুজ্জামানের মৃত্যুর ভুয়া খবর ছড়িয়ে পড়েছিল।

জলছবি, যাদুর বাঁশি, রামের সুমতি, ম্যাডাম ফুলি, চুড়িওয়ালা, মন বসে না পড়ার টেবিলে চলচ্চিত্রে তাকে কৌতুক চরিত্রে দেখা যায়। তার অভিনয় জীবনের মোড় ঘুরিয়ে দেয় আমজাদ হোসেনের নয়নমণি চলচ্চিত্রটি। এ চলচ্চিত্রের মাধ্যমে তিনি আলোচনায় আসেন। এর আগে নারায়ণ ঘোষ মিতার লাঠিয়াল চলচ্চিত্রে খল চরিত্রে অভিনয় করেন। এ ছাড়া খল চরিত্রে তার কিছু উল্লেখযোগ্য চলচ্চিত্র হলো – অশিক্ষিত, গোলাপী এখন ট্রেনে, পদ্মা মেঘনা যমুনা, স্বপ্নের নায়ক।

এ ছাড়া বেশ কিছু চলচ্চিত্রে তিনি পার্শ্ব-চরিত্রে অভিনয় করেন। তাদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে – অনন্ত প্রেম, দোলনা, অচেনা, মোল্লা বাড়ির বউ, হাজার বছর ধরে, চোরাবালি।

১৯৬১ সালে পরিচালক উদয়ন চৌধুরীর বিষকন্যা চলচ্চিত্রে সহকারী পরিচালক হিসেবে কাজ করেন। এ ছাড়া খান আতাউর রহমান, কাজী জহির, সুভাষ দত্তদের সহকারী পরিচালক হিসেবে কাজ করেন। এরপর ২০০৯ সালে প্রথম পরিচালনা করেন শাবনূর-রিয়াজ জুটির এবাদত নামের ছবিটি।

তৌসিফ-সাফার লাভার্স ফুড ভ্যান

ছোটো পর্দার নির্মাতা হিসেবে শর্টফিল্ম, মিউজিক ভিডিও ও নাটক নির্মাণ করে অনেক প্রশংশা কুড়িয়েছেন ভিকি জাহেদ। আধুনিক নির্মাণশৈলি আর গল্প বলার ঢঙের কারণে তার আলাদা কদর রয়েছে। অন্যদিকে রোমান্টিক নাটকের জুটি হিসেবে দারুণ জনপ্রিয় তৌসিফ মাহবুব ও সাফা কবির। এবার তারা সবাই এক গল্পে হাজির হচ্ছেন। গল্পের নাম ‘লাভার্স ফুড ভ্যান’।

ভিকি জাহেদের গল্প ও পরিচালনায় নাটকটি নির্মিত হয়েছে কোয়ান্টাইজ মিউজিক এন্টারটেইনমেন্ট এর ব্যানারে। নাটকটির চিত্রনাট্য করেছেন নাজিম উদ দৌলা। টি এইচ তন্ময় ও রাব্বি রাজের প্রযোজনায় নাটকের চিত্রগ্রাহক ছিলেন বিদ্রোহী দীপন, সম্পাদনা ও রঙ বিন্যাস করেছেন অর্ণব হাসনাত।

রোমান্টিক থ্রিলারধর্মী গল্পের এই নাটকটিতে গান ব্যবহৃত হয়েছে দুটি। এর মধ্যে ওয়াসিক সৈকতের কথা এবং টি এইচ তন্ময় ও তানজীরের সুরে একটি গান গেয়েছেন কনা ও তানজীর। অন্যদিকে কেউ জানে না গানটির কথা, সুর ও কন্ঠ রাজ ডি’র।

লাভার্স ফুড ভ্যান আসছে ১৯ ফেব্রুয়ারি রাত ৮টায় আরটিভিতে প্রচারিত হবে। এর ঠিক পরপরই রাত ৯টায় বৃক্ষ ফিল্মস এর অফিশিয়াল ইউটিউব চ্যানেলে অবমুক্ত হবে লাভার্স ফুড ভ্যান।

নাটক প্রসঙ্গে অভিনেতা তৌসিফ মাহবুব বলেন, ‘অন্য রম একটা প্রেমের গল্পে কাজ করলাম। গল্পে প্রেম আছে, থ্রিল আছে। দর্শকরা এক্সাইটমেন্ট পাবে।’

সাফা কবিরের ভাষ্য, ‘এই নাটকটিতে প্রেম আছে, মজা আছে। আবার চমকও আছে। একেবারে এই সময়ের একটি গল্প। আশা করছি সাড়া পাবো।’

যশের বিজেপিতে যোগদানের দিনই দিলীপকে টুইটে বিঁধলেন নুসরাত

বন্ধু যশ বিজেপিতে যোগ দিলেও তিনি যে তৃণমূলেই রয়েছেন তা বোঝাতে টুইট করলেন অভিনেত্রী নুসরাত। বুধবার টুইট করে দিলীপ ঘোষকে আক্রমণ করেন তিনি। মমতা বন্দ্যোপাধ্যায়কে নারী নিরপাত্তা নিয়ে আক্রমণ করায় টুইটে পাল্টা দিলীপ ঘোষকে বিঁধেছেন নুসরাত।

এদিন এক টুইটে দিলীপ ঘোষ লেখেন, ‘তৃণমূল কর্মীরা বলেন তাদের নেত্রী মহিলা বলে তাকে আক্রমণ করা হয়। কিন্তু আপনারাই বলুন, একজন মহিলা আরেকজন মহিলার চরিত্রের দিকে কী করে আঙুল তুলতে পারেন? এই রাজ্যে দিদিমণি ধর্ষণের ক্ষতিপূরণ বেঁধে দিয়েছেন ২০ হাজার, ৪০ হাজার, ৫০ হাজার।’

দিলীপ ঘোষকে আক্রমণ করে গত বছর ৩১ জানুয়ারি তার করা একটি মন্তব্য মনে করিয়েছেন নুসরাত। তিনি লিখেছেন, ‘আমাদের ছেলেরা ঠিক কাজই করেছে। ওই মহিলার ভাগ্য ভাল। হেনস্থা ছাড়া তাকে আর কিছু

করা হয়নি। প্রতিবাদ করলেই মহিলাদের এভাবে চরিত্রহনন করে বিজেপি। আবারও লজ্জাজনক মন্তব্য’।

উল্লেখ্য, গত বছর ৩১ জানুয়ারি দিল্লির জামিয়া মিলিয়া ইসলামিয়া বিশ্ববিদ্যালয়ের সামনে প্রতিবাদরত এক মহিলার হাত থেকে পোস্টার ছিনিয়ে নিয়েছিলেন বিজেপি কর্মীরা। সেই ঘটনাতেই এই প্রতিক্রিয়া জানিয়েছিলেন দিলীপ।

ঘটনাচক্রে বন্ধু যশের বিজেপিতে যোগদানের কিছুক্ষণ আগে এই টুইট করেন নুসরাত। তবে বিজেপিতে যোগ দিলেও তাদের বন্ধুত্বে কোনও প্রভাব পড়বে না বলে জানিয়েছেন যশ। তিনি বলেন, রাজনীতিকে ব্যক্তিগত জীবনের বাইরে রাখতে চাই। বিজেপিতে যোগদান করে নিজেকে দিদির ভাই বলে দাবি করেন তিনি।

কিংবদন্তি সুরস্রষ্টা সংগীত পরিচালক আলী হোসেন আর নেই

উপমহাদেশের প্রখ্যাত সুরকার ও সংগীত পরিচালক আলী হোসেন (৮১) আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মঙ্গলবার যুক্তরাষ্ট্রের বোস্টন হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

এর আগে সঙ্কটাপন্ন অবস্থায় আলী হোসেনকে হাসপাতালের আইসিইউতে ভর্তি করা হয়েছিল। তিনি ফুসফুসের জটিলতায় ভুগছিলেন।

১৯৬৬ সালে আলী হোসেনের সুর-সংগীতে নির্মিত প্রথম চলচ্চিত্র মোস্তাফিজ পরিচালিত ‘ডাক বাবু’ মুক্তি পায়। এই চলচ্চিত্রেই তিনি শাহনাজ রহমতুল্লাহকে দিয়ে ‘হলুদ বাটো মেন্দি বাটো’ গানটি করান। একই চলচ্চিত্রে গান করেন সৈয়দ আব্দুল হাদীও। শাহনাজ রহমতুল্লাহ ও সৈয়দ আব্দুল হাদীর তার হাত ধরেই চলচ্চিত্রের গানে অভিষেক ঘটে।

বাংলাদেশের সংগীত জগতের এক উজ্জল নক্ষত্র আলী হোসেন । বাংলা চলচ্চিত্রের অসংখ্য কালজয়ী গান তার হাত দিয়ে সৃষ্টি। তার মধ্যে রয়েছে ‘হলুদ বাটো মেন্দি বাটো’, ‘চাতুরী জানে না মোর বধূয়া’,

‘অশ্রু দিয়ে লেখা এ গান যেন ভুলে যেও না’, ‘আরে ও প্রাণের রাজা তুমি যে আমার’, ‘এ আকাশকে সাক্ষী রেখে এ বাতাসকে সাক্ষী রেখে’, ‘ও দুটি নয়নে স্বপনে চয়নে নিজেরে যে ভুলে যায় তুলনা খুঁজে না পায়’, ‘কে তুমি এলে গো আমার এ জীবনে’সহ অসংখ্য জনপ্রিয় গান।

ঢাকায় বিভিন্ন বাংলা চলচ্চিত্রের কাজ করার পাশাপাশি উর্দু ‘ছোট সাহেব’, ‘দাগ’, ‘আনাড়ি’, ‘কুলি’ ইত্যাদি চলচ্চিত্রের সংগীত পরিচালনার কাজ করেন আলী হোসেন।

১৯৪০ সালের ২৩ মার্চ কুমিল্লায় আলী হোসেন জন্ম। বাবার চাকরির সুবাদে পাকিস্তানের করাচিতে তাকে পড়াশোনা করতে হয়েছিল। সেখানেই একসময় নজরুল একাডেমিতে সহকারী শিক্ষক হিসেবে আলী হোসেনের চাকরি হয়। নজরুল একাডেমিতে চাকরি করার সুবাদে একই প্রতিষ্ঠানের উচ্চাঙ্গ সংগীতের শিক্ষক পিয়ারে খানের কাছেও তিনি গান শিখেছেন। এভাবেই ধীরে ধীরে গানের সঙ্গে তার সম্পৃক্ততা।

শাহরুখের ‘ডার্লিংস’এখন আলিয়া!

প্রায় ৪ বছর পর আবারও বলিউড সুপারস্টার শাহরুখ খানের সঙ্গে চলচ্চিত্রে কাজ করছেন আলিয়া ভাট। তবে এবার ছবির পর্দায় একে অপরের বিপরীতে নয়। এবার শাহরুখ খান থাকছেন প্রযোজকের আসনে আর অনস্ক্রিনে আলিয়া ভাট।

শাহরুখ খানের রেড চিলিজ এন্টারটেইনমেন্টের ‘ডার্লিংস’ ছবির শুটিং শিগগিরই শুরু হবে। ছবিটির পরিচালক জসমিত কে রীন।

এ বিষয়ে আলিয়া জানিয়েছেন, এই ছবির চিত্রনাট্য শোনার পরেই অভিনয়ের বিষয়ে সম্মতি জানিয়েছেন তিনি। ছবির গল্প ও চরিত্র তার কাছে নতুন মনে হওয়ায় কাজের বিষয়ে দ্বিতীয়বার ভাবেননি তিনি।

ছবিতে মুম্বাইয়ের মধ্যবিত্ত পরিবারের মা-মেয়ের গল্প বলবে তুলে ধরা হচ্ছে। যেখানে সমসাময়িক অন্যান্য ছবির গল্পের সঙ্গে তেমন কোনো মিল খুঁজে পাওয়া যাবে না। এতে মায়ের চরিত্রে দেখা যাবে শেফালী শাহকে। আর মেয়ের চরিত্রে থাকছেন আলিয়া ভাট।

এর আগে ২০১৬ সালে ‘ডিয়ার জিন্দেগি’ রিলিজের পর ছবি নিয়ে কম প্রশংসা হয়নি। বিষয় থেকে শুরু করে কিং খান এবং আলিয়ার অভিনয়ে ধারশায়ী হয়েছিলেন দর্শক।

এদিকে শুধু ‘ডার্লিংস’ নয়, শাহরুখ খান আপাতত বলিউডের ছবির প্রযোজনার কাজ নিয়ে বেশ ভালো রকমের ব্যস্ত! ববি দেওল, বিক্রান্ত মাসে, সানিয়া মালহোত্রা অভিনীত লাভ হোস্টেল ছবিটি প্রযোজনা করছেন তিনি। আবার অভিষেক বচ্চন অভিনীত বব বিশ্বাস ছবিরও তিনিই প্রযোজক!

সব ঠিক থাকলে সামনের মাস থেকেই শুটিং শুরু হবে ডার্লিংস ও লাভ হোস্টেলের!

করোনামুক্ত হয়েই ভালোবাসার গান গাইলেন নকুল কুমার বিশ্বাস

করোনামুক্ত হয়েই ভালোবাসা দিবসে ভালোবাসার গান নিয়ে হাজির হচ্ছেন জননন্দিত কণ্ঠশিল্পী নকুল কুমার বিশ্বাস। প্রায় দুই ঘণ্টাব্যাপী এ অনুষ্ঠানের নাম ‘বৈশাখীর ভালোবাসার গান’। প্রচার হবে মঙ্গলবার (১৪ ফেব্রুয়ারী) বিকেল ৫.২০ মিনিটে। অনুষ্ঠানটি প্রযোজনা করেছেন মামুন আব্দুল্লাহ ও রবিউল হাসান প্রধান।

সম্প্রতি করোনা আক্রান্ত হন এই শিল্পী। নিজ গ্রামের বাড়িতে আইসোলেশনে ছিলেন তিনি। যে কারণে দীর্ঘদিন কোনো অনুষ্ঠান করা হয়নি তার। করোনামুক্ত হওয়ার পর এটাই নকুল কুমার বিশ্বাসের প্রথম প্রোগ্রাম।

নকুল কুমার বিশ্বাস বলেন, স্রষ্টার অসীম রহমত আছে বলেই আমি সুস্থ আছি, পারফর্ম করতে পারছি। বৈশাখীর ভালোবাসার গান অনুষ্ঠান আমার ভক্ত -দর্শকদের দারুনভাবে ইজ্জীবিত করবে বলে আমার বিশ্বাস।

ভালোবাসার দিনে সবার সাথে ভালোবাসা ভাগাভাগি করে নেয়ার জন্যই এ অনুষ্ঠানের মাধ্যমে বৈশাখী টিভি পর্দায় আমি হাজির হবো। আশা করি

ভালোবাসা দিবসে হিরো আলমের “গার্লফ্রেন্ড দেনা রে”

মিউজিক ভিডিওর মডেল ও নায়ক পরিচয় ছাপিয়ে হিরো আলম এখন পুরোদস্তুর “গায়ক”। আলোচিত সব ইস্যু ও দিবসকে কেন্দ্র করে গান গেয়ে চলেছেন হিরো আলম। কোনো আলোচনা বা সমালোচনা গায়ে মাখছেন না তিনি। অনেকটা পাত্তা না দিয়েই নিজের সঙ্গীত ক্যারিয়ার এগিয়ে নিয়ে যাচ্ছেন হিরো আলম।

এবার ভালোবাসা দিবস উপলক্ষে একাধিক গান গেয়েছেন তিনি। ১২ ফেব্রুয়ারি ‘এলো ।ভ্যালেন্টাইন্স ডে’ শিরোনামের একটি গান প্রকাশ করেছেন হিরো আলম।

এরইমধ্যে গানটি শোনা হয়েছেন ৪১ হাজারের বেশি বার। গানটির লিরিক্স, টিউন ও মিউজিকে ছিলেন মম রহমান। আজ ১৩ ফেব্রুয়ারি আরেকটি গান প্রকাশ করেছেন হিরো আলম। গানের শিরোনাম “গার্লফ্রেন্ড দেনা রে”।

গানটি শোনার পর অনেকেই হিরো আলমের সমালোচনা করেছেন। আবার নানা মজার কমেন্টও করেছেন। একজন লিখেছেন, “হিরো আলম ডে” চাই এবং এটা জাতীয়ভাবে পালন করতে চাই।

আরেকজন লিখেছেন, ‘হিরো আলম তুমিই সেরা’। এক শ্রোতা হিরো আলমের গানকে ‘বর্ষসেরা গান’ হিসেবে আখ্যা দিয়েছেন।

‘সময় আছে পালিয়ে যাও’, বন্ধুর স্ত্রীকে বার্তা সালমান খানের

ছোটবেলার বন্ধুর বিয়ের ভিডিও শেয়ার করলেন সালমান খান। নিজের ইনস্টাগ্রাম হ্যান্ডেলে সেই ভিডিওটি সালমান খান তার ছোটবেলার বন্ধু সাদিকের বিয়ের মুহূর্ত তুলে ধরেন।

সালমান খান জানান, ৩৩ বছর আগে বিয়ে করেন তার বন্ধু সাদিক। সাদিকের সঙ্গে রেহানার বিয়ের পর ৩৩ বছর কেটে গেছে। ৩৩ বছর পর সালমান রেহানাকে নতুন করে শুভচ্ছা জানান।

এত বছর ধরে সাদিককে মেনে নিয়ে তিনি যেভাবে সবকিছু সুন্দর করে চালিয়ে যাচ্ছেন, তার জন্য রেহানাকে ধন্যবাদ জানান সালমান। পাশাপাশি এখনও সময় আছে, রেহানা পালিয়ে যান।

বন্ধুর স্ত্রীকে পালিয়ে যাওয়ার পরামর্শ দিয়ে হেসে ফেলেন সালমান। ওই ভিডিওর সঙ্গে সলমন যা লেখেন, পুরোটাই মজার ছলে। তবে বলিউড ভাইজানের ওই ভিডিও প্রকাশ্যে আসতেই তা ভাইরাল হয়ে যায়।

বর্তমানে ‘বিগ বস ১৪’ নিয়ে ব্যস্ত সালমান খান। ‘বিগ বস ১৪’ এর ঘরে কখনও রাখি সাওয়ান্তের বিরুদ্ধে ফুঁসে উঠছেন সালমান খান, আবার কখনও নিকি তাম্বোলি, রুবিনা দিলায়েকদের বিরুদ্ধে সরব হচ্ছেন এই বলিউড অভিনেতা। সবকিছু মিলিয়ে ‘বিগ বস সিজন-১৪’ আগেরবারের প্রত্যেক সিজনের মতোই জনপ্রিয় হয়ে উঠেছে।

টুইটার ছাড়ার হুমকি দিলেন কঙ্গনা

বিগত কয়েকদিন ধরেই অভিনেত্রী কঙ্গনা রানাওয়াতের একের পর এক বিস্ফোরক টুইট ঝড় তুলেছে। বলা ভালো টুইটারে স্বঘোষিত যুদ্ধ শুরু করেছেন ‘বলিউড কুইন’। তবে এবার থামতে চান তিনি। টুইটারকে বিদায় জানাতে চলেছেন কঙ্গনা। কিন্তু কেন? তার উত্তর পাওয়া গেছে

অভিনেত্রীর এক টুইট বার্তায়।

ভারতের কৃষক আন্দোলন নিয়ে ভুল তথ্য ছড়ানোর অভিযোগে ১২০০ অ্যাকাউন্ট বন্ধ করার নির্দেশ দিয়েছিল কেন্দ্র। বুধবার টুইটারের তরফে জানানো হয়, তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের পাঠানো তালিকা ধরে অ্যাকাউন্টগুলোর বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হচ্ছে। এর মধ্যে কিছু অ্যাকাউন্ট ভারতে সম্পূর্ণ নিষিদ্ধ করা হবে।

এরপরে, টুইটারের তরফ থেকে আরও একটি টুইট সামনে আসে। জানানো হয়, সংবাদমাধ্যম, রাজনীতিবিদ, আন্দোলনকারীদের টুইটার অ্যাকাউন্টে হস্তক্ষেপ করবে না টুইটার। ভারতীয় সংবিধান মেনেই মানুষের বাক স্বাধীনতার পক্ষে কাজ করে যাবে টুইটার কর্তৃপক্ষ।

সেই টুইটকে কেন্দ্র করে ফের সামাজিক যোগাযোগমাধ্যমে তোপ দাগেন কঙ্গনা। ‘কে বানিয়েছে তোমাকে? তুমি কে? তোমাকে প্রধান বিচারপতি কে বানিয়েছে? একদল মাদকাসক্ত আমাদের নিয়ন্ত্রণ করতে চাইছে’, বলে মন্তব্য করেন কঙ্গনা।

টুইটারকে ট্যাগ করে আরও একটি টুইট করেন তিনি। কঙ্গনা লেখেন, তোমার টাইম শেষ হয়ে এসেছে। সময় এসেছে ‘কু’ অ্যাপে জয়েন করার। খুব তাড়াতাড়ি আমার নতুন অ্যাকাউন্ট সম্পর্কে অনুরাগীরা জানতে পারবেন। স্বদেশী অ্যাপ ব্যবহারের অভিজ্ঞতার অপেক্ষায়।

সূত্র : সংবাদ প্রতিদিন